

# মুগান্ধি

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৯:২১ এএম

সারাদেশ

## স্কুলের কর্মচারী দিয়ে এসএসসি পরীক্ষার ডিউটি!



পেকুয়া (কন্দবাজার) প্রতিনিধি

প্রকাশ: ২৩ এপ্রিল ২০২৫, ১১:৪০ এএম



Grameenphone

আমনজনের খ্যাল রাখুন আলো দিয়ে

নিয়ম অনুযায়ী, এসএসসি পরীক্ষা হলের দায়িত্বে থাকবেন শিক্ষক। তবে সেই নিয়মকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে পরীক্ষা হলের দায়িত্ব পালন করছেন স্কুলের তৃতীয় শ্রেণির এক কর্মচারী। পর পর দুদিন দায়িত্ব পালন করেছেন তিনি। বিষয়টি সম্পর্কে অবগতও কেন্দ্র সচিব। ঘটনাটি কল্বাজারের পেকুয়া বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের।

স্থানীয় সুত্রে জানা গেছে, চলমান এসএসসি পরীক্ষায় পেকুয়া বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পরপর দুদিন পরীক্ষায় দায়িত্ব পালন করেছেন টেটং উচ্চ বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির কর্মচারী আনছারুল হক। একই কেন্দ্রে শিলখালী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ইব্রাহিমের এক সন্তান পরীক্ষা দিলেও তার আপন ভাই ইমাম হোছাইনকে প্রতিদিন ডিউটির তালিকায় রাখা হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে একাডেমিক সুপারভাইজার উলফাত জাহান বলেন, ‘তৃতীয় শ্রেণির কোনো কর্মচারীর পরীক্ষা কেন্দ্রে ডিউটির নিয়ম নেই। টেটং উচ্চ বিদ্যালয় থেকে একজনকে ডিউটি দেওয়া হয়েছিল। বিষয়টি জেনে আমরা তাদেরকে নিষেধ করেছিলাম। এরপরেও যদি ডিউটি দিয়ে থাকে সেটা আমরা যাচাই-বাচাই করে ব্যবস্থা নিব।’

বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের কেন্দ্র সচিব মোস্তফা আলী বলেন, ‘পরীক্ষার হলে তৃতীয় শ্রেণির কর্মচারীর ডিউটি করার বিধান নেই। টেটং উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রাশেদ পরিচয় গোপন করে তৃতীয় শ্রেণির এক কর্মচারীকে শিক্ষক পরিচয়ে আমাদের তালিকা দিয়েছিল। আমরা বিষয়টি জেনে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিয়েছি।’

টেটং উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক রাশেদ বলেন, ‘মূলত আমাদের বিদ্যালয়ে শিক্ষক সঙ্কট থাকার কারণে তৃতীয় শ্রেণির একজন কর্মচারিকে দুবার দায়িত্ব দেওয়া হয়েছে। যদিও এটা নিয়মে নেই। আগামী পরীক্ষা থেকে তাকে আর পাঠাবো না।’